# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৯১২

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. ইকামত এবং এ সম্পর্কিত হাদীস বর্ণনায় মতভেদ

بَابُ ذِكْرِ الْإِقَامَةِ ، وَاخْتِلَافِ الرِّوَايَاتِ فِيهَا

---

আরবী

حَدَّثَنَا الْقَاضِي أَحْمَدُ بْنُ إِسْحَاقَ بْنِ بُهْلُولٍ ، ثَنَا عَبْدُ اللَّهِ بْنُ سَعِيدٍ أَبُو سَعِيدٍ الْأَشَجُّ ، ثَنَا عُقْبَةُ بْنُ خَالِدٍ ، عَنِ ابْنِ أَبِي لَيْلَى ، عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ زَيْدٍ ، قَالَ : " كَانَ أَذَانُ رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ شَفْعًا شَفْعًا فِي الْأَذَانِ وَالْإِقَامَةِ " . ابْنُ أَبِي لَيْلَى هُوَ الْقَاضِي مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ ، ضَعِيفُ الْحَدِيثِ ، سَيِّئُ الْحِفْظِ ، وَابْنُ أَبِي لَيْلَى لَا يَثْبُتُ سَمَاعُهُ مِنْ عَبْدِ اللَّهِ بْنِ زَيْدٍ . وَقَالَ الْأَعْمَشُ وَالْمَسْعُودِيُّ : عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ ، عَنِ ابْنِ أَبِي لَيْلَى ، عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ . وَلَا يَثْبُتُ . وَالصَّوَابُ مَا رَوَاهُ الثَّوْرِيُّ وَشُعْبَةُ ، عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ ، وَحُسَيْنِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ ، عَنِ ابْنِ أَبِي لَيْلَى مُرْسَلًا . وَحَدِيثُ ابْنِ إِسْحَاقَ ، عَنْ مُحَمَّدِ بْنِ إِبْرَاهِيمَ ، عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ زَيْدٍ ، عَنْ أَبِيهِ مُتَّصِلٌ ؛ وَهُوَ خِلَافُ مَا رَوَاهُ الْكُوفِيُّونَ

বাংলা

৯১২(৩০). আহমাদ ইবনে ইসহাক ইবনে বাহলুল (রহঃ) ... আবদুল্লাহ ইবনে যায়েদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর আযান ও ইকামতের বাক্যগুলো জোড়ায় জোড়ায় ছিল।

ইবনে আবু লায়লা (রহঃ) হলেন আল-কাযী মুহাম্মাদ ইবনে আবদুর রহমান। তিনি হাদীসশাস্ত্রে দুর্বল এবং তার স্মৃতিশক্তি ত্রুটিপূর্ণ। ইবনে আবু লায়লার আবদুল্লাহ ইবনে যায়েদ (রাঃ) থেকে হাদীস শ্রবণ প্রমাণিত নয় এবং আল-আ’মাশ (রহঃ) ও আল-মাসউদী-আমর ইবনে মুররা-ইবনে আবু লায়লা-মুআয ইবনে জাবাল (রাঃ)-র সূত্রে বর্ণনা করেছেন, কিন্তু এটিও প্রমাণিত নয়। সঠিক হলোঃ আস-সাওরী ও শো’বা-আমর ইবনে মুররা ও হুসাইন ইবনে আবদুর রহমান-ইবনে আবু লায়লা (রহঃ) সূত্রে মুরসাল সূত্রটি। ইবনে ইসহাক-মুহাম্মাদ ইবনে ইবরাহীম-মুহাম্মাদ ইবনে আবদুল্লাহ ইবনে যায়েদ-তার পিতা, এই সূত্রটি মুত্তাসিল। এটি কূফাভিত্তিক রাবীগণ যা রিওয়ায়াত করেছেন তার বিপরীত।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবন যায়দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80701

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন